দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 MAY 2015
পৃষ্ঠা ১১ কলাম ৫

# ঢাবি শিক্ষকের বিরুদ্ধে যৌতুক দাবির অভিযোগ স্ত্রীর

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম (এমআইএস) বিভাগের শিক্ষক আবু নাসের মুহাম্মদ সাইফের বিরুদ্ধে যৌতুকের অভিযোগ করেছেন তার স্ত্রী সুবর্ণা আক্তার। গতকাল রবিবার তিনি এ বিষয়ে লিখিত অভিযোগ করে বলেন, চলতি বছর ১৫ মার্চ সুবর্ণার বাবা সিদ্দিক হোসেন ও বোনের জামাই মামুনকে সাইফ ঢাকায় ডেকে পাঠান. তারা ঢাকায় এসে একটি রেস্টুরেন্টে সাইফের সঙ্গে দেখা করেন। তখন সাইফ ধানমন্ডিতে একটি ফ্ল্যাট কিনে দেয়ার জন্যে ৮০ লাখ টাকা দাবি করেন। কিন্তু সুবর্ণার বাবা ও বোনের জামাই মোটা অংকের যৌতুকের টাকা দিতে অস্বীকার করলে সাইফ রেগে রেস্টুরেন্ট থেকে বেরিয়ে যান। পরে ফোনে সুবর্ণাকে বলেন, ওই পরিমাণ টাকা না দিলে সুবর্ণাকে তালাক দেবেন। এ বিষয়ে সাইফের ফোনে যোগাযোগের চেষ্টা করা হলে তার মোবাইল নম্বরটি বন্ধ পাওয়া যায়। সুবর্ণা বলেন, এ বিষয়ে তিনি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রো-উপাচার্য (শিক্ষা), সিন্ডিকেটের সদস্যবৃন্দ, বিভাগের চেয়ারম্যান ও প্রক্টরের কাছে লিখিত অভিযোগ করেছেন। তবে ১৫ মার্চের পর থেকে সুবর্ণার সঙ্গে সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন করেছেন সাইফ। সুবর্ণা আক্তার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম (এমআইএস) বিভাগের সান্ধ্যকালীন কোর্সের শিক্ষার্থী। তারা এ বছর ৫ মার্চ কাজী অফিসে বিয়ে করেন।